Postgraduate Diploma (PGD) in Information and Communication Technology Program

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

# ১২তম ব্যাচে ছাত্র/ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি

কম্পিউটার বিজ্ঞান বিষয়ে দক্ষ প্রোগ্রামার/প্রশিক্ষক তৈরীর লক্ষ্যে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত এক বছর মেয়াদী PGD-in-ICT Program এ ২০১৬-২০১৭ সেশনে ভর্তিচ্ছুকদের কাছ থেকে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা হচ্ছে।

**প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এবং অন্যান্য শর্তাবলী ঃ**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) বাংলাদেশের যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে ব্যাচেলর ডিগ্রী থাকতে হবে। এস.এস.সি. হতে স্নাতক পর্যন্ত সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী বা সিজিপিএ ২.৫০ থাকতে হবে।

স্নাতক ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করেছেন কিন্তু রেজাল্ট হয়নি এমন প্রার্থী আবেদন করতে পারবেন। তবে পিজিডির প্রথম টার্ম ফাইনাল পরীক্ষার আগে স্নাত্বক পাশের সার্টিফিকেট জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(গ) বয়সঃ সর্বোচ্চ ৪৫ বছর।

(ঘ) PGD-in-ICT Program পরিচালনা কমিটি দ্বারা অনুমোদিত রুটিন অনুযায়ী বিকেল ৫:০০ মিঃ হতে রাত্রি ৮:০০ মিঃ পর্যন্ত সপ্তাহে ৪ দিন ক্লাশ অনুষ্ঠিত হবে।

(ঙ) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক কোন রকম আবাসন এবং পরিবহন সুবিধা প্রদান করা হবে না।

(চ) ভর্তির সময় কোর্স ফী বাবদ (অফেরৎ যোগ্য) এককালীন ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা প্রদান করতে হবে।

(ছ) এই প্রোগ্রামে পাবলিক সেক্টরের কর্মকর্তা/কর্মচারীরা স্ব স্ব নিয়োগকারীর নিকট হতে লিখিত অনুমোদন সাপেক্ষে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ভর্তি হতে পারবেন ।

(জ) ভর্তি পরীক্ষার মাধ্যমে মেধার ভিত্তিতে ৫৫ (পঞ্চান্ন) জন সফল প্রার্থীকে ভর্তি করা হবে। ১ ঘন্টার ৫০ নম্বরের **MCQ** ভর্তি পরীক্ষায় **ইংরেজী (১০), সাধারণ বিজ্ঞান (১০), সাধারণ গণিত (১৫) এবং আইসিটি (ICT) (১৫)** বিষয়গুলো অর্ন্তভূক্ত থাকবে।

(ঝ) আগামী **জুন ০৪, ২০১৬** তারিখের মধ্যে http://bau.edu.bd/dept/pgd/-এ আবেদন ফরম পূরণ করতঃ ডাচ্-বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি জমা দিতে হবে। ফি পরিশোধের ৪৮ ঘন্টা পর ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

(ঞ) **ভর্তি পরীক্ষা জুন ১১, ২০১৬ তারিখ, শনিবার, সকাল ১১:০০ - ১২.০০ টায় কৃষি প্রকৌশল ও কারিগরী অনুষদীয় গ্যালারী-১ এ** অনুষ্ঠিত হবে। ভর্তি **পরীক্ষার ফলাফল জুন ১২, ২০১৬** ইং তারিখ, রবিবার পিজিডির নোটিশ বোর্ডে ও বাকৃবি ওয়েব সাইটে প্রকাশ করা হবে। সফল প্রার্থীদেরকে আলাদাভাবে পত্রের মাধ্যমে জানানো হবে না।

(ট) মেধা তালিকা হতে **ভর্তি : জুন ১৫ ও ১৬, ২০১৬ইং, বুধবার ও বৃহস্পতিবার, সকাল ১০.০০ হতে বিকাল ৪.০০ পর্যন্ত**।

(ঠ) অপেক্ষামান তালিকা হতে **ভর্তিঃ জুন ১৯ ও ২০, ২০১৬ইং, রবিবার ও সোমবার সকাল ১০.০০ হতে বিকাল ৪.০০ পর্যন্ত**।

(ড) ক্লাশ শুরুর তারিখ : জুলাই ১০, ২০১৬ইং, রবিবার, বিকাল ০৩.৩০।

**আবেদনের নিয়মাবলী ঃ**

**পিজিডি-ইন-আইসিটির ওয়েব সাইটে** (http://bau.edu.bd/dept/pgd/) আবেদন ফরম পূরণ করে পিন নম্বর সংগ্রহকরতে হবে। ওয়েব সাইটে উল্লেখিত নিয়মে ডাচ্-বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে (বিলার আইডি- ৩৪৪) পরীক্ষার ফি বাবদ ৫০০.০০ (পাঁচশত) টাকা জমা দিতে হবে। ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদেয়ার শেষ তারিখ **জুন ০৪, ২০১৬**। পরীক্ষার ফি পরিশোধের ৪৮ ঘন্টা পর ভর্তি পরীক্ষার প্রবেশপত্র নির্ধারিত ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।

(মুহাম্মদ মোস্তাগিজ বিল্লাহ)
পরিচালক, পিজিডি-ইন-আইসিটি প্রোগ্রাম ও
সহযোগী প্রফেসর, কম্পিউটার সায়েন্স এন্ড ম্যাথমেটিক্স বিভাগ
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২।
যোগাযোগ : (091) 67414 (Office), 01911298886
ই-মেইল : pgd@bau.edu.bd